

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স  
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ২০ ফেব্রুয়ারি, ২০২৩খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

আজ ২০/০২/২০২৩ তারিখ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মাফরোজা আক্তার এর নেতৃত্বে “স্বপ্ন সুপার শপ” মালিবাগ, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে, অভিযুক্ত ব্যক্তি জানান যে, তার প্রতিষ্ঠানটির নিবন্ধন করা আছে। তবে প্রতিষ্ঠানটির ম্যানেজার উপস্থিত না থাকায় তাৎক্ষণিক ভাবে নিবন্ধন পত্রাদি প্রদর্শনে ব্যর্থ হয়। পরবর্তিতে কিছু সময় পর ম্যানেজার এসে তার প্রতিষ্ঠানটির নিবন্ধনপত্র ও প্রয়োজনীয় সকল কাগজপত্র প্রদর্শনে সক্ষম হন। ঘটনাস্থলে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বিরোধী কোন কার্যক্রম পরিলক্ষিত হয়নি।

“স্বপ্ন সুপার শপ” কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য মোড়কীকরণ, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়। “স্বপ্ন সুপার শপ” কর্তৃপক্ষও নির্দেশনা মেনে চলবেন বলে অঙ্গীকার করেন।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য পরিদর্শক জনাব মাহমুদুল হাছান আনসারী, জনাব ছানোয়ার হোসেন, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



(ড. সহদেব চন্দ্র সাহা)

পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: [director.enforcement@bfsa.gov.bd](mailto:director.enforcement@bfsa.gov.bd)

ফোনঃ ২২২২২৩৪৮১

### বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।